

ব্র্যাক ব্যাংক লিমিটেড

হেড অফিস, অনিক টাওয়ার, তেজগাঁও লিংক রোড, গুলশান, ঢাকা-১২০৮

স্বাবর সম্পত্তির নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

অর্থক্ষণ আদালত আইন-২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে, Mr. Md. Bakiot ullah Sarker, Son of Late- Jasiat Ullah, Proprietor- Bogra Machinaries, Address : Bus Stand Huda Market, Nageswari, Kurigram . এর নিকট ব্র্যাক ব্যাংক লিমিটেড এর Loan বাবদ গত ১৬.০৪.২০১৮ ইং তারিখ পর্যন্ত ১,২০২,৮০১.৭০/- টাকা পাওনা রহিয়াছে।

উক্ত ঋণ গ্রহিতা ঋণ পরিশোধের নিশ্চয়তা স্বরূপ তাঁহার নিম্ন তফসিল বর্ণিত স্বাবর সম্পত্তি বিগত ০৪.১২.২০১২ ইং তারিখে সম্পাদিত ও রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিল নং ৭২১৭ এর মাধ্যমে ব্র্যাক ব্যাংক লিঃ, এর নিকট দায়বদ্ধ রাখিয়াছেন এবং একই তারিখে সম্পাদিত ও রেজিস্ট্রিকৃত ৭২১৮ নং আম-মোক্তারনামা দলিলের মাধ্যমে বন্ধকী সম্পত্তি বিক্রয়ের ক্ষমতা প্রদান করিয়াছেন। ঋণ বাবদ পাওনা টাকা উক্ত ঋণ গ্রহিতা পরিশোধ করিতে ব্যর্থ হওয়ায় ব্র্যাক ব্যাংক লিঃ পাওনা আদায়ের নিমিত্তে উক্ত বন্ধকী দলিল ও আম-মোক্তারনামা বলে তফসিল বর্ণিত বন্ধকী স্বাবর সম্পত্তি নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্তে সীলমোহরকৃত দরপত্র আহবান করিতেছে।

**Schedule of the Mortgaged property**

All that piece and parcel of land measuring 54 Decimals at District- Kurigram ,Sub Registry Office – Nageswari, P.S –Nageswari, Mouza –Bollopur , J.L No.-12, Khatian No-C.S-619, S. A -821, Dag/Plot No-1250, The land is 24 Dicimal within 56 decimal .

Khatian No. C.S-231, S.A -337, Dag/Plot No. 1523, The land is 14 decimal with in 67 decimal.

Khatian No : . C.S-350, S.A -475, Dag/Plot No. 1528, The land is 16 decimal with in 70 decimal.

১) প্রত্যেক দরপত্র দরদাতার নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অক্ষরে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রেতার দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। ২) দরপত্র আগামী ১৪-০৫-১৮ ইং তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে নিম্ন বর্ণিত ঠিকানায় রক্ষিত দরপত্র বাস্তবে সরাসরি বা রেজিস্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে। ৩) প্রত্যেক দরদাতা, উদ্বৃত্ত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্বৃত্ত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্বৃত্ত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার, জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ২ নং শর্তে উল্লেখিত ঠিকানায় ব্র্যাক ব্যাংক লি: এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন। ৪) অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে, দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন। ৫) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হইলে এবং কম জামানত প্রদানকারী কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। ৬) উপরে বর্ণিত (৩) ও (৪) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন। ৭) নিলামে অংশ গ্রহণ ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য এবং নিলামে অংশগ্রহণের পূর্বে বন্ধকী সম্পত্তি সম্পর্কিত যাবতীয় দলিলাদি পর্যবেক্ষণ করার জন্য ব্যাংকের উক্ত ঠিকানায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন। ৮) কোন কারন দর্শানো ব্যতিরেকে হস্তান্তর দলিল সম্পাদন হওয়ার পূর্ব পর্যন্ত দরপত্র বাতিল করিবার অধিকার ব্র্যাক ব্যাংক লি: সংরক্ষণ করে। আদালতের কোন আদেশ অথবা রায়ের কারনে দরপত্র বাতিল করার ক্ষেত্রে সফল দরদাতাকে শুধুমাত্র তাঁহাদের জমাকৃত টাকা ফেরত দেওয়া হইবে। দরপত্র গৃহীত হয় নাই এমন দরপত্র দাতাদেরকে তাঁহাদের জামানতের টাকা যথাশীঘ্র সম্ভব (১ম ও ২য় সর্বোচ্চ দরদাতা ব্যতিরেকে) ফেরত দেওয়া হইবে। ৯) দরদাতাগণ বা তাঁহাদের প্রতিনিধিগণ (যদি উপস্থিত থাকেন) এর সম্মুখে আগামী ১৪-০৫-১৮ ইং তারিখে বিকেল ৩.০০ ঘটিকায় ২ নং শর্তে উল্লেখিত ব্র্যাক ব্যাংক লি: এর অফিসে দরপত্র বাস্তব খোলা হইবে। কৃতকার্য দরদাতাকে দলিল সম্পাদনের যাবতীয় দায়িত্ব এবং সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ সহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি বহন করিতে হইবে। দলিল সম্পাদনের পর কোন অভিযোগ গ্রহণযোগ্য হইবে না। ১০) সফল দরদাতাকে অর্থক্ষণ আদালত আইন-২০০৩ এর ১২(৫) ধারা মোতাবেক সম্পত্তি দখল প্রদানের বিষয়ে সহযোগিতা করা হইবে।

দরপত্র দাখিলের ঠিকানাঃ লিগ্যাল এ্যাফেয়ার্স ডিভিশন, সেপাল প্রাটিনাম টাওয়ার, ৪র্থ তলা, ২৪৭-২৪৮, বীর উত্তম মীর শওকত আলী সড়ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। ফোন নং- ০১৭১৪০৮৪৫০৩, ০১৭১৪০৯৩২৩২।